# রূপালী ব্যাংক লিমিটেড

## পরিকল্পনা ও গবেষণা বিভাগ

### প্রধান কার্যালয়, ঢাকা।

**সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZEN'S CHARTER) সংক্রান্ত তদারকি কমিটি'র ২য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **জনাব তানভীর হাসনাইন মইন, মহাব্যবস্থাপক ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি** |
| **সঞ্চালক** | : | জনাব আফরোজা সুলতানা, উপ-মহাব্যবস্থাপক ও সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি |
| **সভার স্থান** | : | মহাব্যবস্থাপক জনাব তানভীর হাসনাইন মইন - এর কক্ষ |
| **তারিখ ও সময়** | : | ১১-১২-২০২৩ তারিখ, সোমবার, সকাল ১১.০০ ঘটিকা |
| **উপস্থিতি** | : | উপস্থিতি শীট সংযুক্ত |

১। সভাপতি কমিটির সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাগত বক্তব্যে মন্ত্রি পরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এর প্রতি আলোকপাত করেন। লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে নিজ দপ্তর ও আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, ওয়েবসাইট ও প্রকাশ্যে প্রদর্শন, আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজনসহ কর্মকর্তা-কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। সভাপতির অনুমতিক্রমে সঞ্চালক জনাব আফরোজা সুলতানা সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে কমিটির কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় -

| ক্রমিক | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তর ও আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, ওয়েবসাইট ও প্রকাশ্যে প্রদর্শন। | ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তর ও আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে প্রদর্শনের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার স্বতন্ত্র ওয়েবসাইট পাবলিশ করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতি প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে আওতাধীন দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদান এবং নিয়মিত মনিটরিং করা। | পরিকল্পনা ও গবেষণা বিভাগ, আইসিটি সিস্টেমস বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থা |
| ২. | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজন। | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজনের জন্য পরিকল্পনা ও গবেষণা বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। | পরিকল্পনা ও গবেষণা বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থা |
| ৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | আরবিটিএ এবং সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থা |

৪। অতঃপর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(তানভীর হাসনাইন মইন)
মহাব্যবস্থাপক ও সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি

# রূপালী ব্যাংক লিমিটেড

পরিকল্পনা ও গবেষণা বিভাগ

প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ: ১১-১২-২০২৩

## সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি'র ২য় সভার উপস্থিতি শীট

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব তানভীর হাসনাইন মইন<br>মহাব্যবস্থাপক ও সভাপতি | 11/12/2023 |
| ২. | জনাব অজিত কুমার সরকার<br>উপ-মহাব্যবস্থাপক ও সদস্য / AGM | For. 11/12/2023 |
| ৩. | জনাব মোহাম্মদ কাউসার মোস্তাফিজ<br>উপ-মহাব্যবস্থাপক ও সদস্য / AGM | For 11.12.23 |
| ৪. | জনাব মুঃ শাহজাহান শরীফ<br>উপ-মহাব্যবস্থাপক ও সদস্য | 11.12.23 |
| ৫. | জনাব আফরোজা সুলতানা<br>উপ-মহাব্যবস্থাপক ও সদস্য সচিব | 11.12.2023 |

# রূপালী ব্যাংক লিমিটেড

**পরিকল্পনা ও গবেষণা বিভাগ**

**প্রধান কার্যালয়, ঢাকা।**

**প্রকা/পগ/নোটিশ/২০২৩/২৫**

**তারিখ: ১০-১২-২০২৩**

## সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZEN'S CHARTER) সংক্রান্ত তদারকি কমিটি'র ২য় সভার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, এ ব্যাংকের সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZEN'S CHARTER) সংক্রান্ত তদারকি কমিটি'র ২০২৩-২৪ অর্থবছরের ২য় সভা আগামী ১১-১২-২০২৩ তারিখ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় মহাব্যবস্থাপক জনাব তানভীর হাসনাইন মইন এর সভাপতিত্বে তার কক্ষে অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচী নিম্নরূপ:

১। ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ;

২। ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ নিশ্চিতকরণ;

৩। আওতাধীন দপ্তর/সংস্থার হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে প্রদর্শন নিশ্চিতকরণ;

৪। ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সভা আয়োজন;

৫। ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন।

কমিটির সদস্যগণকে উল্লিখিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানানো হলো।

(আফরোজা সুলতানা)
উপ-মহাব্যবস্থাপক ও সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তদারকি কমিটি

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও গবেষণা বিভাগের দায়িত্বপ্রাপ্ত) এর সচিবালয়, রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা;

২. উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, অর্থ প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;

৩. উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, আইসিটি সিস্টেমস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা;

৪. উপ-মহাব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, আইসিটি অপারেশনস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।